



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০২২

তারিখ : ১৪-০৯-২০২২

নিম্নবর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক	পদের নাম	অফিস	পদের সংখ্যা	বেতন স্কেল
১।	ফিজিওথেরাপিস্ট	ফিজিওথেরাপি এন্ড স্পোর্টস ইনজুরি রিহাব ইউনিট, চ.বি. চিকিৎসা কেন্দ্র।	০১ (এক) টি স্থায়ী	৯ম গ্রেড

প্রয়োজনীয় যোগ্যতা :

যেকোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি এবং ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তবে, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং অধিকতর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ ও প্রারম্ভিক উচ্চতর বেতন স্কেল প্রদান করা যেতে পারে। বাসা বরাদ্দ করা হলে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে “মুক্তিযোদ্ধা কোটা” উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রথম যোগদানের পর অন্তত: ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোন চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <http://www.cu.ac.bd> থেকে Download করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরিউক্ত পদের জন্য ৮ (আট) সেট দরখাস্ত আগামী ২০-১০-২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮ টা হতে বেলা ৩.০০ মি. পর্যন্ত) গৃহীত হবে।

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লি: এর যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৮ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরির প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

(প্রফেসর এস.এম. মনিরুল হাসান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭

এক্স-৪২০১

স-২১৭৪ (৭×৩)